



BCPS

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ Bangladesh College of Physicians & Surgeons

সিপিএস নং- ৭৭৬/২০২০/১৪৯৭৮

তারিখ : ১৬ মে, ২০২০ খ্রিঃ

বিষয়ঃ কোরোনাভাইরাস (কোভিড-১৯)-এ আক্রান্ত রোগীদের চিকিৎসায় সরাসরি নিয়োজিত/ক্ষতিগ্রস্ত ফেলো, মেম্বার, প্রশিক্ষণার্থী, অন্যান্য চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের আর্থিক সাহায্য প্রদানের নিমিত্ত তহবিল গঠন প্রসঙ্গে।

প্রিয় ফেলো,

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণ কোভিড-১৯ মহামারী দ্বারা আক্রান্ত এবং প্রতিটি মানুষ আজ স্বাস্থ্য ও জীবন ঝুঁকির সম্মুখীন। এই সংকটময় পরিস্থিতিতে, করোনা যুদ্ধে কলেজের ফেলো, মেম্বার ও ভবিষ্যৎ ফেলো সহ অনেক ডাক্তার, নার্স ও স্বাস্থ্য কর্মীরা দায়িত্ব পালন করছেন। ইতিমধ্যে কলেজের ফেলোসহ কয়েকজন ডাক্তারের মূল্যবান প্রাণহানী হয়েছে এবং অনেকেই শারীরিক ও মানসিকভাবে বিপর্যস্ত ও অসহায় অবস্থায় আছেন। এ কঠিন সময়ে চিকিৎসা সেবায় সকলের অবদানকে কলেজ অত্যন্ত শ্রদ্ধাভরে স্মরণ করছে এবং জাতীয় স্বাস্থ্য সেবায় ফেলো ও মেম্বারগণের ভূমিকা রাখার জন্য কলেজ কাউন্সিল গর্ববোধ করছে।

আপনারা অবগত আছেন, দেশের বিভিন্ন দূর্যোগে জনগণের তথা রাষ্ট্রের প্রত্যাশা পূরণে ইতিপূর্বেও কলেজের সম্মানিত ফেলোবৃন্দ নির্ভীক চিন্তে মানবতার সেবায় এগিয়ে এসেছেন। এবারও প্রয়োজনীয় সেবা দিয়ে চলেছেন। বিগত সময়েও কলেজের ফেলো ও মেম্বারদের কল্যাণে কলেজ কাউন্সিল ও ফেলোরাই আর্থিক সহযোগিতা প্রদান করেছেন। এরই ধারাবাহিকতায় কোরোনাভাইরাস (কোভিড-১৯)-এ আক্রান্ত রোগীদের চিকিৎসায় সরাসরি নিয়োজিত ফেলো, মেম্বার, প্রশিক্ষণার্থী, অন্যান্য চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের আর্থিক সাহায্য প্রদানের নিমিত্ত তহবিল গঠনের জন্য কলেজ কাউন্সিল সিদ্ধান্ত গ্রহণ করেছে।


এমতাবস্থায়, কলেজের ফেলো ও মেম্বারদের কল্যাণার্থে আর্থিক সাহায্য প্রদানের জন্য তহবিল গঠনের নিমিত্ত কলেজের হিসাব শাখায় অথবা নিম্নবর্ণিত ব্যাংক হিসাবে আর্থিক সহযোগিতা প্রদান করার জন্য আপনাকে বিশেষ অনুরোধ করছিঃ

ব্যাংক হিসাবের নাম : **BCPS COVID-19 FUND**
হিসাব নম্বর : **114.110.24863**
ব্যাংকের নাম : **Dutch-Bangla Bank Limited**
ব্রাঞ্চার নাম : **Mohakhali, Dhaka.**

বিসিপিএস কোভিড-১৯ ফান্ডে আর্থিক সহায়তা করার জন্য কলেজ কাউন্সিলের পক্ষ থেকে আপনাকে অগ্রীম ধন্যবাদ জানাচ্ছি ও আপনার প্রতি অনিশ্চেষ্ট কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ভালো থাকুন, সুস্থ থাকুন, নিরাপদ থাকুন।

বিনীত,


(অধ্যাপক আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম)
অনারারী সচিব
বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)।

67, Shaheed Tajuddin Ahmed Sarani, Mohakhali, Dhaka-1212, Bangladesh.

Tel: 880-2-9845005-6, 9884194, 9891865, 9842501, 9856616, 9884189, Fax: 880-2-9848928, E-mail: bcps@bcps-bd.org, Website: www.bcpsbd.org